# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০৮৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৩. তৃতীয় অনুচ্ছেদ - জামা‘আত ও তার ফযীলত সম্পর্কে

আরবী

وَعَنْ مُجَاهِدٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «لَا يَمْنَعَنَّ رَجُلٌ أَهْلَهُ أَنْ يَأْتُوا الْمَسَاجِدَ» . فَقَالَ ابْنٌ لِعَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ: فَإِنَّا نَمْنَعُهُنَّ. فَقَالَ عَبْدُ اللَّهِ: أُحَدِّثُكَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَتَقُولُ هَذَا؟ قَالَ: فَمَا كَلَّمَهُ عَبْدُ اللَّهِ حَتَّى مَاتَ. رَوَاهُ أَحْمد

বাংলা

১০৮৪-[৩৩] মুজাহিদ (রহঃ) ’আবদুল্লাহ ইবনু ’উমার (রাঃ) থেকে বর্ণনা করেছেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেনঃ কেউ যেন তার স্ত্রীকে মসজিদে আসতে বাধা না দেয়। (এ কথা শুনে) ’আবদুল্লাহ (রাঃ) এর এক ছেলে (বিলাল) বললেন, আমরা তো অবশ্যই তাদেরকে বাধা দিব। (এ সময়) ’আবদুল্লাহ ইবনু ’উমার (রাঃ) তাকে বললেন, আমি তোমাকে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর হাদীস বর্ণনা করছি। আর তুমি বলছ এ কথা? বর্ণনাকারী বলেন, এরপর ’আবদুল্লাহ ইবনু ’উমার (রাঃ) মৃত পর্যন্ত আর তার সাথে কথা বলেননি। (আহমাদ)[1]

ফুটনোট

[1] সানাদ সহীহ : আহমাদ ৪৯১৩৩, আস্ সামার আল মুসতাত্বব ২/৭৩০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَمَا كَلَّمَه عَبْدُ اللّٰهِ حَتّٰى مَاتَ) ‘‘মৃত্যুবরণ করার আগ পর্যন্ত তিনি তার (বিলালের) সাথে আর কথা বলেননি।’’

‘আবদুল্লাহ ইবনু ‘উমার (রাঃ)-এর এ আচরণ থেকে এটা প্রমাণিত হয় যে, কোন ব্যক্তি যদি হাদীসের মুকাবিলায় নিজের অভিমত ব্যক্ত করে তাহলে তাকে আদব শিক্ষা দেয়ার জন্য শাস্তি প্রয়োগ করা যায়।

অনুরূপভাবে সন্তান যখন এমন কাজ করে বা কথা বলে যা তার জন্য উচিত নয় তাহলে বাবা তাকে আদব দেয়ার পদ্ধতি গ্রহণ করতে পারে যদিও ছেলে বয়সে বড় হয়। কথা বলা বন্ধ করাও এ আদবের অন্তর্ভুক্ত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55644

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন